ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৩৪
উদয়পুর, ৯ মে, ২০২৫

**উদয়পুরে রাজ্যভিত্তিক রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উদযাপন**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে গোমতী জেলায় আজ রাজ্যভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উদয়পুর রাজর্ষি হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, রবীন্দ্রনাথ ঠাকুরের দর্শন আমাদের সমৃদ্ধশালী করেছে। রবীন্দ্রনাথকে ভুলে গেলে চলবেনা। রবীন্দ্রনাথের দর্শন, চিন্তাধারাকে নতুন প্রজন্মের কাছে বেশি করে নিয়ে যেতে হবে। তিনি বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর উনার লেখনির মাধ্যমে তুলে ধরেছেন কিভাবে নিজেকে দেশের কাজে নিয়োজিত করা যায়, দেশকে কিভাবে ঐক্যবদ্ধ ও শক্তিশালী করে রাখা যায়। রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে ত্রিপুরার রাজপরিবারের গভীর যোগাযোগ ছিল। তিনি ত্রিপুরাতে ৭ বার এসেছেন। অনুষ্ঠানে বিধায়ক জিতেন্দ্র মজুমদার রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনী পড়ার জন্য ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজুমদার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা উৎপল চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানের বিশেষ বক্তা মনীশ রুদ্রপাল রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনীর বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণ করেন। স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ। সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা রবীন্দ্র নৃত্য, সংগীত এবং আবৃত্তি পরিবেশন করেন। রাজ্যভিত্তিক এই অনুষ্ঠান উপলক্ষে গোমতী জেলা শিক্ষা কার্যালয়ের উদ্যোগে গোমতী জেলার বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে রবীন্দ্র নৃত্য, সংগীত এবং আবৃত্তির উপর প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

*********